

এবারো ফলাফলের ভিত্তিতে একাদশ শ্রেণীতে ভর্তি

যায়যায় রিপোর্ট

একাদশ শ্রেণীতে এবারো মাধ্যমিক ও সমমান পরীক্ষার ফলের ভিত্তিতেই শিক্ষার্থী ভর্তি করা হবে। কোনো ভর্তি পরীক্ষা হবে না। ১২ মে থেকে শুরু হবে ভর্তির প্রক্রিয়া। ক্লাস শুরু হবে ১ জুলাই। তাই ফলের আনন্দের বেশ কাটতে না কাটতেই ভর্তির চিহ্ন শিক্ষার্থীদের।

জানতে চাইলে শিক্ষাসচিব কামাল আবদুল নাসের চৌধুরী বলেন, কলেজগুলোতে পর্যাপ্ত আসন আছে। কোনো সঙ্কট হবে না। আসন নিয়ে শিক্ষার্থীদের চিন্তিত হওয়ার কিছু নেই। তবে এটা ঠিক ভালো কলেজগুলোতে প্রতিযোগিতা হবে, যেটা সব সময়ই হয়।

শিক্ষামন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, সারা দেশের কলেজগুলোতে আসন সঙ্কট না থাকলেও নামি প্রতিষ্ঠানগুলোতে আসন সঙ্কটের কারণে অনেকে ভালো ফল করেও প্রত্যাশিত কলেজে ভর্তি হতে পারবে না। এবার আটটি সাধারণ বোর্ড, মাদ্রাসা ও কারিগরিসহ ১০টি বোর্ডে উদ্বীর্ণ হয়েছে ১২ লাখ ১৯ হাজার ৮৯৪ জন। এর মধ্যে আটটি বোর্ডের এসএসসিতে উদ্বীর্ণ হয়েছে ৯ লাখ ৪ হাজার ৭৫৬ জন। ১০ বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ৮২ হাজার ২১২ জন।

শিক্ষামন্ত্রণালয়ের সূত্রমতে, রাজধানীতে ভালো মানের কলেজগুলোতে আসন আছে ১৫ হাজারের মতো। দেশের অন্যান্য অঞ্চলের নামি কলেজে আসনসংখ্যা সব মিলিয়ে আরো কয়েক হাজার হবে। এতে এসএসসিতে জিপিএ-৫ পেয়েও মেধাবী অনেক শিক্ষার্থী প্রতিষ্ঠিত ভালো কলেজে ভর্তির সুযোগ পাবে না।